# অনলাইন লাইব্রেরি : মাউসের ক্লিকে দরকারি বই

বিভিন্ন দেশের জাদুঘরে শোভা পায়, এমন দুর্লভ বইয়েরও স্ক্যান কপি পাওয়া সম্ভব ইন্টারনেটে। অসংখ্য বইয়ের সংগ্রহশালা অনলাইন লাইব্রেরির আদ্যোপান্ত জানাচ্ছেন হাবিবুর রহমান তারেক ১৮৩০ সালে প্রকাশিত বেনজামিন ফ্রাঙ্কলিনের ‘প্রাকটিকাল পেনম্যানশিপ বিয়িং এ ডেভেলপমেন্ট অব দ্য কার্সটেরিয়ান সিস্টেম’ শিরোনামের দুর্লভ বইটি সংগ্রহ করতে আপনাকে অনেক কাঠখড়ি পোহাতে হবে। কিংবদন্তী সম্রাট নেপোলিয়নের জীবনী নিয়ে লুইস এন্টোনির লেখা ১৮৩৬ সালে প্রকাশিত ‘মেমোরিজ অব নেপোলিয়ন বোনাপার্ট’ শিরোনামের বইটি কবজা করতে গুনতে হতে পারে কয়েক হাজার টাকা। কিন্তু এ ধরনের দুর্লভ বই নিজের করে নিতে পারেন বিনামূল্যে। আর এ সুযোগই করে দেয় অনলাইন লাইব্রেরি।

## অনলাইন লাইব্রেরি কী?

বিপুলসংখ্যক বইয়ের সংগ্রহশালা নিয়ে তৈরি ওয়েবসাইটই হলো অনলাইন লাইব্রেরি বা ‘ই-লাইব্রেরি’। ডাউনলোড করে সংগ্রহ করারও সুযোগ করে দেয় এসব লাইব্রেরি। ডাউনলোড করা বইয়ের সফট কপি সাধারণত পিডিএফ, স্ক্যান ইমেজ এবং টেক্সট ফরমেটে থাকে। অনলাইনের বই প্রচলিত ভাষায় ইলেকট্রনিক বই কিংবা ‘ই-বই’ নামেও পরিচিত। যারা হাতে নিয়ে পড়তে চান, তারা প্রিন্ট করেও নিতে পারবেন।

## লাখো বইয়ের সংগ্রহশালা

উচ্চশিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীদের সহায়ক ইংরেজি ভাষায় নানা বিষয়ের ৩৫ হাজারের বেশি বই দিয়ে সাজানো হয়েছে ‘অনলাইন বুক পেইজ’ নামের একটি ওয়েবসাইট। নিবন্ধন ছাড়াই যে কেউ এই ওয়েবসাইট থেকে বই সংগ্রহ করতে পারবেন বিনামূল্যে। অগণিত বইয়ের মধ্য থেকে কাঙ্ক্ষিত বইটি পেতে বেগ পেতে হবে না। পাঠকের চাহিদা পূরণ করতে এই সাইটটিতে কিছুদিন পর পরই নতুন বই আপলোড করা হয়। প্রয়োজনীয় বইটি যদি তালিকায় না থেকে থাকে সেক্ষেত্রে লেখকের নামসহ বইটির নাম উল্লেখ করে অনুরোধ করা যাবে। শুধুই যে ইংরেজি ভাষার বই দিয়ে সাজানো হয়েছে তা কিন্তু নয়, বিভিন্ন ভাষার প্রবন্ধ-নিবন্ধ ও বিভিন্ন সময়ে নিষিদ্ধি হওয়া আন্তর্জাতিক বইও রয়েছে এই অনলাইন লাইব্রেরিতে। অনলাইন বুক পেইজের ওয়েব ঠিকানা onlinebooks.library.upenn.edu। মেডিসিন, কম্পিউটার, জীববিজ্ঞান, প্রকৌশল, ইতিহাস, সমাজবিজ্ঞান, ধর্মবিষয়ক অনেক বইয়ের সংগ্রহ আছে web-books.com সাইটে। ৯৬ হাজার ৬৪২ জন লেখকের প্রায় ২ লাখ ৪২ হাজার ২১৪টি বইয়ের বিশাল সংগ্রহ পাওয়া যাবে ‘ই বুকস রিড’ (www.ebooksread.com) সাইটে। জনপ্রিয় সার্চ ইঞ্জিন গুগলের ই-বইয়ের একটি পোর্টাল আছে। ইন্টারেস্টিং, ক্লাসিক, ম্যাগাজিন, মেডিক্যাল, সাহিত্য, রাজনীতি, ডিজাইন, পরিবার ও সম্পর্ক, টেকনোলজি এবং ইঞ্জিনিয়ারিং নামে পৃথক শ্রেণীতে সাজানো হয়েছে সহস্রাধিক বই। পাঠকবান্ধব এই সাইটটি পাঠকদের খুব সহজেই প্রয়োজনীয় বইটি খুঁজে পেতে সাহায্য করে। এই সাইটে অনেক দুর্লভ ও দামী বই রয়েছে। বই সরাসরি ডাউনলোডের ক্ষেত্রে এই সাইটের শর্ত হচ্ছে, ক্রেডিট কার্ডের মাধ্যমে বই ক্রয় করতে হবে। তবে সবচেয়ে বড় আশার কথা হচ্ছে, ডাউনলোড না করেও পাঠক খুব

সহজেই ই-বই পড়তে ও প্রিন্ট করতে পারবেন গুগলের এই সাইট থেকে। গুগলের বইয়ের এই ওয়েব পোর্টালটির ঠিকানা http://books.google.com/books।

**পাঠ্যবইয়ের সম্ভার**

গণিত, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশলের শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য সমৃদ্ধ বই দিয়ে সাজানো হয়েছে www.freetechbooks.com। গণিত, কম্পিউটার ও প্রোগ্রামিং বিষয়ের বইয়ের বিশাল সংগ্রহশালা হচ্ছে- www.freecomputerbooks.com। এছাড়াও আপনি ঢুঁ মারতে পারেন www.sciencedirect.com ও www.onlinefreeebooks.net/engineering-ebooks ঠিকানায়। শুধু বিজ্ঞান নিয়েই সব, তা কিন্তু নয়। ১৬১০টি ব্যবসায় শিক্ষার বই সংগ্রহে রয়েছে www.free-ebook-download.net/business-book লাইব্রেরিতে। এছাড়া ব্যবসা, অর্থনীতি, ব্যবস্থাপনার বই ফ্রি ডাউনলোড করা যাবে এই দুটি ওয়েব লিংক থেকে-

http://ebookdirectory.com/search/Business ও www.free-ebooks.net/?category=Business। শিক্ষার্থীদের গণিত শিখতে ও জানতে সহায়ক হবে www.mathebook.net। শিক্ষার্থীদের সুবিধার্থে 'গণিত অভিধান' যুক্ত করা হয়েছে সাইটটিতে। গণিত বিষয়ক বই পাওয়া যাবে এমন আরেকটি ওয়েবসাইট হচ্ছে www.onlinefreeebooks.net। গণিত বিষয়ের প্রয়োজনীয় কিছু বই দিয়ে সাজানো হয়েছে www.xpmath.com/ebooks/math_ebooks.php।

**ভাষা, সাহিত্য ও কবিতার বই**

আরবি, চীনা, ফরাসি, হিন্দি, পারসি রাশিয়ান, স্প্যানিশসহ নানা ভাষার বিভিন্ন বিষয়ে লেখা বই পাওয়া যাবে ব্রুকার্স পাবলিক লাইব্রেরির এই ওয়েবসাইটে- www.shortgrass-lib.ab.ca/bpl/online.htm। বিশ্বের ২৪,৭৫২ কবির তিন লাখ ১০ হাজার ৯৩১টি কবিতা পড়া ও ডাউনলোড করা যাবে www.poemhunter.com/eBooks ওয়েবসাইট থেকে।

**শিশুদের জন্য বই**

শিশুদের জন্য শিক্ষামূলক ছাড়াও মজার সব বিষয় নিয়ে সাজানো কয়েকটি অনলাইন লাইব্রেরি। বই, কমিকস, কার্টুন, কবিতাসহ আরো অনেক কিছু রয়েছে এসব লাইব্রেরিতে। এমন কিছু লাইব্রেরির ওয়েব ঠিকানা- www.write4kids.com/ebooks.html, www.poetry4kids.com, www.ebook88.com/kidspage.htm প্রাথমিক ও মাধ্যমিক শ্রেণীর বই বাংলাদেশ সরকার সম্প্রতি প্রাথমিক ও মাধ্যমিক স্তরের সব শ্রেণীর বই অনলাইনে প্রকাশ করেছে। ইন্টারনেট থেকে যে-কোনো সময় যে কেউ প্রয়োজনীয় বইটি সংগ্রহ করতে পারবে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তকের অফিশিয়াল ওয়েবসাইট www.nctb.gov.bd থেকে। এই সাইটে প্রবেশ করে 'টেক্সট বুক উইং' থেকে 'ডাউনলোড টেক্সট বুক' লিংকে ক্লিক করে কাঙ্ক্ষিত বই ডাউনলোড করা যাবে।

**কিনতেও হয়**

সব বই যে বিনামূল্যে অনলাইন থেকে সংগ্রহ করা যায় তা কিন্তু নয়। কপিরাইট আইনের কারণে অনেক প্রতিষ্ঠানই অনলাইনে বিনামূল্যে বই ডাউনলোড সুবিধা দেয় না। সেক্ষেত্রে ক্রেডিট কার্ড দিয়ে করে বইটি কেনা যাবে। অনলাইনে

বই বিক্রির তালিকায় সবার শীর্ষে আছে আমাজন (www.amazon.com)। এই প্রতিষ্ঠানটি প্রতিদিন গড়ে দেড় লাখ বই অনলাইনে বিক্রি করে থাকে। ওয়াটার স্টোনস (www.waterstones.com)-এর সংগ্রহশালাও আপনাকে মুগ্ধ করবে। বই খুঁজে পেতে তো সার্চ ইঞ্জিন রয়েছেই।

বিস্তারিত পড়ুন: http://infopedia.com.bd/education/e-book/219